গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(শৃঙ্খলা ও তদন্ত উপশাখা)
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয় নগর, ঢাকা-১০০০।
www.dife.gov.bd

নম্বর-৪০.০১.০০০০.০০০.১০১.২৭.০০০৩.১৭- ১৭৪২

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩৩ / ২৮ জুলাই ২০২৬

**আদেশ**

যেহেতু, জনাব মোঃ আমিনুল ইসলাম, শ্রম পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরাধীন উপমহাপরিদর্শকের কার্যালয়, চট্টগ্রামে কর্মরত থাকা অবস্থায় তার আবেদনের প্রেক্ষিতে অত্র দপ্তর কর্তৃক মঞ্জুরকৃত ১৮-০৭-২০২২ খ্রি. তারিখ হতে ১৭-০৭-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের এবং পরবর্তীতে ১৫-০৭-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত আরও ০১ (এক) বছরের সহ মোট ০২ (দুই) বছরের বহি:বাংলাদেশ ছুটি সমাপ্ত হলেও তিনি কর্মস্থলে যোগদান করেননি। ফলশ্রুতিতে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও বিধি ৩(গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন (desertion)' এর অভিযোগে অভিযুক্ত করে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০১/২০২৫ রুজু করা হয়; এবং

যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী কেন তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ (১৬-০৭-২০২৪ খ্রি.) হতে চাকুরী থেকে বরখাস্ত (Dismissal from service) করা হবেনা তা জানতে চেয়ে বিভাগীয় মামলা নং-০১/২০২৫ রুজুপূর্বক ২৬-০৫-২০২৫ খ্রি. তারিখে তার বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা ও ব্যক্তিগত ই-মেইলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। তিনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ না করায় কিংবা কর্মস্থলে যোগদান না করায় অভিযোগটি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ০৭-০৭-২০২৫ খ্রি. তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে আনীত 'পলায়ন (desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়; এবং

যেহেতু, জনাব মোঃ আমিনুল ইসলাম, শ্রম পরিদর্শক (সাধারণ)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী কেন তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ (১৬-০৭-২০২৪ খ্রি.) হতে চাকুরী থেকে বরখাস্ত (Dismissal from service) করা হবেনা তা জানতে চেয়ে ০৭ (সাত) কার্যদিবসের সময় দিয়ে ২১-১০-২০২৫ খ্রি. তারিখে তার স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা ও ব্যক্তিগত ই-মেইলে ২য় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়। ২৮-১০-২০২৫ তারিখে দাখিলকৃত ২য় কারণ দর্শানো নোটিশের জবাবে তিনি পদত্যাগের (চাকরি হইতে ইস্তফা) বিষয়টি উল্লেখ করেন; যা চলমান বিভাগীয় কার্যধারার প্রেক্ষাপটে অপ্রাসঙ্গিক হওয়ায় গ্রহণযোগ্য নয়; এবং

যেহেতু, জনাব মোঃ আমিনুল ইসলাম, শ্রম পরিদর্শক (সাধারণ)-এর দাখিলকৃত জবাব গ্রহণযোগ্য না হওয়ায় তাকে চাকুরী থেকে বরখাস্তের (Dismissal from service) গুরুদন্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সুপারিশের জন্য বর্ণিত কর্মচারীর নথি ০৩-০২-২০২৬ খ্রি. তারিখের ৪০.০১.০০০০.০০০.১০১.১৮.০০০৪.১৭.১১ নম্বর স্মারকে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী জনাব মোঃ আমিনুল ইসলাম, শ্রম পরিদর্শক (সাধারণ)-কে "চাকুরী হইতে বরখাস্তকরণ" সূচক গুরুদন্ড আরোপের সিদ্ধান্তের সাথে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন একমত পোষণ করেন; এবং

সেহেতু, জনাব মোঃ আমিনুল ইসলাম, শ্রম পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরাধীন উপমহাপরিদর্শকের কার্যালয়, চট্টগ্রাম-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) মোতাবেক "চাকুরী হইতে বরখাস্তকরণ" (Dismissal from service) গুরুদন্ডে দন্ডিত করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ ১৬-০৭-২০২৪ খ্রি. তারিখ হতে কার্যকর হবে।

(মোঃ ফরহাদ সিদ্দিক)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
+৮৮-০২-২২৬৬৬৪২০২ (ফোন)
+৮৮-০২-২২৬৬৬৪২০৩ (ফ্যাক্স)
ig@dife.gov.bd

নম্বর-৪০.০১.০০০০.০০০.১০১.২৭.০০০৩.১৭-১৭৪২/১(১৬)

তারিখ: ১৩ শ্রাবণ ১৪৩৩ / ২৮ জুলাই ২০২৬

বিতরণ: **জ্ঞাতার্থে/কার্যার্থে-**

১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা;

২। অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্ম সচিব), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;

৩। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশপূর্বক অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ);

৪। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);

৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

৬। যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;

৭। চিফ অ্যাকাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা;

৮। উপমহাপরিদর্শক, উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, চট্টগ্রাম;

৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম;

১০। উপমহাপরিদর্শক, মানব সম্পদ উন্নয়ন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;

১১। উপমহাপরিদর্শক, প্রশাসন শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;

১২। ডোসিয়ার সংরক্ষণকারী কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;

১৩। জনাব মোঃ আমিনুল ইসলাম, শ্রম পরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, চট্টগ্রাম;

১৪। জনাব মোঃ আমিনুল ইসলাম, শ্রম পরিদর্শক (সাধারণ) এর ব্যক্তিগত নথি;

১৫। শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ); এবং

১৬। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ ফরহাদ সিদ্দিক)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)